



একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা



শেখ রাসেল দিবস ২০২৩ আয়োজন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ সাইফুল ইসলাম অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমন (সচিবের দায়িত্বে)
সভার তারিখ	১০ অক্টোবর ২০২৩
সভার সময়	বিকাল ০৩.৩০ টা
স্থান	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিতি	‘পরিশিষ্ট-ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব ও তাঁর পরিবারবর্গকে ষাঁদেরকে নির্মমভাবে ১৫ই আগস্ট কালোরাতে হত্যা করা হয়। মহান মুক্তিযুদ্ধে শহিদ বীর মুক্তিযোদ্ধা, বীরোচিতা, বীর মুক্তিযোদ্ধাদের প্রতিও বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

অতঃপর উপসচিব (প্রশাসন-৩)-কে আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, আগামী ১৮ অক্টোবর ২০২৩ তারিখ জাতীয়ভাবে শেখ রাসেল দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় উদযাপন করা হবে। দিবসটি আয়োজনের নিমিত্ত প্রধান সমন্বয়কারী হিসাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়েছে। দিবসটি আয়োজনের জন্য আইসিটি বিভাগে ইতোমধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীটি ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থায় পৃষ্ঠাংকনপূর্বক প্রেরণ করা হয়েছে।

সভায় ১৮ অক্টোবর ২০২৩ তারিখ শেখ রাসেল দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় উদযাপন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

১	শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনে কেন্দ্রীয়, বিভাগ, জেলা, উপজেলা পর্যায়ে কর্মসূচি	কেন্দ্রীয়, বিভাগ, জেলা, উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনের লক্ষ্যে শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২ এর দিবস উদযাপন পর্যায়ে ও কর্মসূচি (ক্রম ৪) অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	১৮ অক্টোবর ২০২৩ তারিখ যথাযথ মর্যাদায় শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ/অধিদপ্তর প্রধান (সকল)
২	শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতির পরিমাপ	শেখ রাসেল দিবস নীতিমালা ২০২২ অনুযায়ী পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের নিমিত্ত শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতি সর্বনিম্ন আকার (দৈর্ঘ্য ৪ ফুট x প্রস্থ ৩ ফুট) এবং সমানুপাতিক হারে উল্লিখিত আকারের চেয়ে বড় আকারের প্রতিকৃতিও স্থাপন করা যাবে মর্মে সভায় আলোচনা হয়।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের চত্বরে জননিরাপত্তা বিভাগের সাথে সমন্বয়পূর্বক ডায়াস তৈরি করে শেখ রাসেলের ম্যুরাল/প্রতিকৃতি (দৈর্ঘ্য ৪ ফুট x প্রস্থ ৩ ফুট এবং সমানুপাতিক হারে) স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)/প্রশাসন-৩ শাখা/প্রশাসন-২ শাখা
৩	শ্রদ্ধাঞ্জলি নিবেদন	সকাল ০৬.৩০ টায় বনানী কবরস্থানে এবং সকাল ৭.৩০ টায় স্ব স্ব কার্যালয় প্রাঙ্গণে স্থাপিত শেখ রাসেল-এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদনের বিষয়ে আলোচনা হয়।	সকাল ০৬.৩০ টায় বনানী কবরস্থানে এবং সকাল ১০.৩০ টায় স্ব স্ব কার্যালয় প্রাঙ্গণে স্থাপিত শেখ রাসেল-এর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, সুরক্ষা সেবা বিভাগ
৪	আলোচনা ও দোয়া অনুষ্ঠান	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান বিষয়ে আলোচনা হয়।	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ১৮.১০.২০২৩ তারিখ বিকাল ০৩.০০ টায় আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী, সুরক্ষা সেবা বিভাগ

৫	কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন	এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহকে শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনের নিমিত্ত নিজ নিজ কর্মসূচি প্রণয়ন ও তাঁর বাস্তবায়নের প্রতিবেদন এ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহকে শেখ রাসেল দিবস ২০২৩ উদযাপনের নিমিত্ত নিজ নিজ কর্মসূচি প্রণয়ন ও তাঁর বাস্তবায়নের প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।	অধিদপ্তর প্রধান (সকল)
---	-------------------------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	--------------------------

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ সাইফুল ইসলাম
অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমন
(সচিবের দায়িত্বে)

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০১.২২.৩৫২

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০

১২ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব